



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৬

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯
২৯ মে ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বৈদেশিক ভ্রমণ সীমিতকরণ প্রসঙ্গে।

কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধার এবং বর্তমান বৈশ্বিক সংকটের প্রেক্ষাপটে বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণের প্রশিক্ষণ/স্টাডি ট্যুর/এক্সপোজার ভিজিট/সভা/সেমিনার অংশগ্রহণ বিষয়ক বৈদেশিক ভ্রমণ পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে।

২। তবে, নিম্নোক্ত ক্ষেত্রসমূহ এ নির্দেশনার আওতা বহির্ভূত থাকবে-

২.১। আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণের বিশেষ প্রয়োজনে নিজস্ব অর্থায়নে ব্যক্তিগত বহিঃবাংলাদেশ ভ্রমণ;

২.২। ১৪৪৩ হিজরী/২০২২ সালের পবিত্র হজ্জ পালন এবং বিশেষজ্ঞ চিকিৎসকের সুপারিশ থাকা সাপেক্ষে জরুরি চিকিৎসার জন্য বিদেশ গমন;

২.৩। আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত বিদেশি নাগরিকের নিজ দেশে গমন; এবং

২.৪। বিদেশি আয়োজক সংস্থার সম্পূর্ণ অর্থায়নে পরিচালিত প্রশিক্ষণ/স্টাডি ট্যুর/ওয়ার্কশপ/এক্সপোজার ভিজিট/সভা/সেমিনার এ অংশগ্রহণ।

৩। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮